# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

=========================================================

(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের জন্যে একটি নিরাপদ পরিবেশ গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ/

(২) ভারতীয় জনতা পার্টির দেশজুড়ে সদস্যভর্তি অভিযানের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার সদস্যপদ নবীকরণের মাধ্যমে আজ আসামে এই অভিযানের সূচনা/

(৩) সাইবার অপরাধে জড়িত সন্দেহে গুয়াহাটিতে চারজন যুবক গ্রেপ্তার/ বহু পাসবুক, সিমকার্ড, চেকবুক, ডেবিট কার্ড বাজেয়াপ্ত/

এবং

(৪) পাঞ্জাবের সঙ্গে আসামের সম্প্রীতির বন্ধন আরো সুদৃঢ় করার ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করতে আসামের প্রাক্তন রাজ্যপাল ও পাঞ্জাবের বর্তমান রাজ্যপাল গুলাব চান্দ কাটারিয়াকে আসাম সরকারের আহ্বান/

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে ছাত্রীদের জন্য নিরাপদ পরিবেশ সৃষ্টি করা উচিত ,কারণ দেশের উন্নয়নের ক্ষেত্রে তারা গুরুত্বপূর্ন অংশ । আজ পুনেতে সিম্বায়োসিস বিশ্ববিদ্যালয়ের ২১ তম সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণ করে

শ্রীমতি মূর্মু একথা বলেন । তিনি লিঙ্গ ক্ষমতার ওপর গুরুত্ব আরোপ করে বিশ্ববিদ্যালয়টির সর্বাঙ্গীন উন্নয়নের ক্ষেত্রে করা প্রয়াসের খোঁজ নেন এবং ১১ জন সোনার পদক প্রাপ্ত শিক্ষার্থীর মধ্যে ৮ জন মেয়ে রয়েছে বলে উল্লেখ করেন ।
তিনি শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে মূল্য আধারিত এবং শিক্ষার্থীদের সংস্কৃতির সঙ্গে সমাজের প্রয়োজনীয়তা সম্পর্কে বুঝতে সহায়তা করে এমন শিক্ষা প্রদান করার আহ্বান জানান । তিনি সমাজের অনুন্নত শ্রেণীর লোকেদের কথা মনে রেখে স্বাস্থ্য সেবার সামগ্রী প্রস্তুত করারও পরামর্শ দেন । বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিদেশী শিক্ষার্থীরা তাদের জ্ঞান ও দক্ষতা নিজেদের দেশে মানবিক ক্ষেত্রে ব্যবহার করবে বলেও রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন । উল্লেখ্য এই বিশ্ববিদ্যালয়ে ৮৫ টি দেশের শিক্ষার্থী অধ্যয়ন করছে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শ্রম ও নিয়োগ মন্ত্রনালয় অনগ্রসর শ্রমিকদের সুবিধা প্রদান করতে প্রধানমন্ত্রী আবাস যোজনার সময়সীমা বৃদ্ধি করার ব্যাবস্থা গ্রহণ করেছে । শ্রম মন্ত্রনালয় সব রাজ্যসরকারকে এ সম্পর্কে পত্র প্রেরণ করে নির্মাণ খন্ডের শ্রমিকের সঙ্গে চুক্তিবদ্ধ শ্রমিক তথা অন্যান্য অসংগঠিত খন্ডের শ্রমিককে এতে অর্ন্তভুক্ত করতে নির্দেশ জারী করেছে । কেন্দ্রীয় মন্ত্রীসভা প্রধানমন্ত্রী আবাস যোজনার সুবিধাগুলি ২০২৪-২৫ থেকে ২০২৮-২৯ সাল পর্যন্ত অতিরিক্ত ৫ বছরের জন্য বৃদ্ধি করার বিষয়ে অনুমোদন জানানোর পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এই যোজনার সময়সীমা বৃদ্ধির মাধ্যমে ২ কোটি অতিরিক্ত গৃহ // উপযুক্ত হিতাধিকারীকে প্রদান করার লক্ষ্য নির্ধারন করা হয়েছে । এই পদক্ষেপের মাধ্যমে অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া শ্রমিকদের বাসগৃহের প্রয়োজনীয়তা সম্পর্কে গুরুত্ব আরোপ করা হয়েছে । সেইসঙ্গে মন্ত্রনালয় প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে এই শ্রমিকদের অর্ন্তভুক্ত করায় তাদের জীবনধারণের মান উন্নত করা সহ তাদের সামাজিক ন্যায় প্রদানের ক্ষেত্রেও এটি একটি প্রয়োজনীয় পদক্ষেপ বলে উল্লেখ করেছে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পর্যটন ও সাংস্কৃতিক মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতের অধ্যক্ষতায় গতকাল শিলংয়ে বিভিন্ন রাজ্যের পর্যটন মন্ত্রীদের এক বিশেষ সম্মেলন অনুষ্ঠিত হয় । এই সম্মেলনে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি সহ পূর্বাঞ্চল রাজ্য ও কেন্দ্রীয়শাসিত অঞ্চলের পর্যটন মন্ত্রীরাও অংশগ্রহণ করেন ।
সম্মেলনে শ্রী শেখাওয়াত বলেন যে দেশের পর্যটনের সামগ্রিক বৃদ্ধি ও উন্নয়নের জন্য মন্ত্রণালয় সব রাজ্য ও কেন্দ্রীয়শাসিত অঞ্চলের সঙ্গে ধারাবাহিকভাবে বৈঠক অনুষ্ঠিত করে আসছে ।

কেন্দ্রীয়মন্ত্রী আরো বলেন যে এই বৈঠকের মাধ্যমে বিশ্ব পর্যটনের মানচিত্রে স্থান লাভ করা গুরুত্বপূর্ন পর্যটনস্থলগুলিকে আরো উন্নত করা ,বিকল্প গন্তব্য স্থানগুলিকে অধিক আকর্ষনীয় করে তোলা তথা এক্ষেত্রে বাণিজ্য ,সুরক্ষা ,যোগাযোগ ,পরিষ্কার -পরিচ্ছন্নতা ইত্যাদির ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে । সেইসঙ্গে তিনি বলেন যে পর্যটন শিল্পকে আরো এগিয়ে নিয়ে যেতে সরকারী বেসরকারী অংশীদারীত্বের গুরুত্ব সম্প্রতি বৃদ্ধি পেয়েছে । মন্ত্রী পর্যটন ক্ষেত্র উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপের বিষয়েও আলোকপাত করেন । তিনি রাজ্যগুলিকে বিভিন্ন ক্ষেত্রে পর্যটনের উন্নয়নের জন্য প্রস্তাব দাখিল করার আহ্বান জানান । উল্লেখ্য বিভিন্ন রাজ্যের পর্যটন মন্ত্রীদের সঙ্গে অনুষ্ঠিত এটি হচ্ছে তৃতীয় বৈঠক । এরপূর্বে কেন্দ্রীয় মন্ত্রী চন্ডীগড় ও গোয়ায় অনুষ্ঠিত দুটি বৈঠকে অংশগ্রহণ করেছিলেন ।

------------------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির দেশজুড়ে আরম্ভ করা সদস্যভর্তি অভিযানের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী তথা এই দলের প্রবীণ নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ সদস্যপদ নবীকরণ করে আসামে এই অভিযানের সূচনা করেছেন । সেই অনুসারে আজ রাজ্যে দলের সাধারণ সম্পাদক ও সদস্যভর্তি অভিযান-২০২৪এর আহ্বায়ক পল্লব লোচন দাসের তত্বাবধানে রাজ্য বিজেপি'র মুখ্য কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্য বিজেপি'র সভাপতি ভবেশ কলিতার কাছ থেকে সদস্যপদ নবীকরণ করেছেন । এই অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা, গুয়াহাটির সাংসদ বিজুলী কলিতা মেধি, মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া সহ পাঁচশয়েরও বেশি কর্মকর্তা উপস্থিত ছিলেন । সদস্যপদ নবীকরণ করে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বিজেপি দলটি মূলতঃ কর্মকর্তাদের উপর নির্ভরশীল একটি দল বলে উল্লেখ করেক তাদের শক্তিতেই দলটি প্রাণবন্ত হয়ে রয়েছে বলে তিনি মন্তব্য করেন । 'বিজেপি' শব্দটি বললে তৃণমূল পর্যায় থেকে কাজ করে প্রধানমন্ত্রীর পদ পর্যন্ত যেতে পারা এবং নিজেকে রাষ্ট্রের উদ্দেশ্যে উৎসর্গ করা একেকজন ব্যক্তির ছবি সকলের সামনে চলে আসে বলে তিনি মন্তব্য করেন । দলটির প্রত্যেক সদস্য ভারত মাতার প্রতি সমর্পিত কর্মকর্তা বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে- এই বৈশিষ্টই দলকে আজ বিশ্বের সর্ববৃহৎ রাজনৈতিক দলে পরিণত করেছে ।

------------------------------------------------------------------------------------------------

আসামের প্রাক্তন রাজ্যপাল ও পাঞ্জাবের বর্তমান রাজ্যপাল গুলাব চান্দ কাটারিয়াকে আজ আসাম সরকারের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয়েছে । রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস এবং পরিবেশ ও বনমন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারি পাঞ্জাবের রাজভবনে শ্রী কাটারিয়াকে সাক্ষাৎ করে গামছা ও শরাই সহ মুখ্যমন্ত্রীর

পাঠানো ধন্যবাদসূচক শুভেচ্ছাবার্তা অর্পণ করেন । ঐ দুই মন্ত্রী আসাম ও পাঞ্জাবের মধ্যে সাংস্কৃতিক বিনিময়ের ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করতে পাঞ্জাবের রাজ্যপালের কাছে আহ্বান জানান । উল্লেখ্য- আসামের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত মহেন্দ্র মোহন চৌধুরী পাঞ্জাবের রাজ্যপাল থাকার সময়ে পাতিয়ালা বিশ্ববিদ্যালয়ে শ্রীমন্ত শংকরদেব আসন প্রতিষ্ঠা করা ছাড়াও ১৯৭৪ সালে আসামের খাদ্য সংকটের সময়ে সেসময়কার রাজ্যপাল মহেন্দ্র মোহন চৌধুরী এবং মুখ্যমন্ত্রী জৈল সিং আসামে খাদ্য পাঠিয়ে সহযোগিতা করেছিলেন । পাঞ্জাবের রাজভবনে আয়োজিত এই সংবর্ধনা অনুষ্ঠানে ভাষণ দিয়ে মন্ত্রী রঞ্জিত কুমার দাস উভয় রাজ্যের মধ্যে পুরনো সম্পর্ক আরো দৃঢ় করে তোলার আহ্বান জানান । এছাড়া পাঞ্জাব ও আসামের কৃষ্টি-সংস্কৃতিকে উভয় রাজ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করে সম্প্রীতির বন্ধন আরো সুদৃঢ় করার ক্ষেত্রে উদ্যোগ নেবার জন্য শ্রী কাটারিয়ার প্রতি আহ্বান জানান ।

--------------------------------------------------------------------------------

রাজ্যসরকার ২০২৪-২৫ অর্থবছরের শিল্পী পেনশন প্রকল্পের জন্য শিল্পীদের কাছ থেকে প্রয়োজনীয় প্রমাণপত্র সহ আবেদনপত্র চাওয়া হয়েছে । আসামের সাংস্কৃতিক সঞ্চালকালয়ের এই সম্পর্কে জারী করা এক বিজ্ঞপ্তি অনুসারে আবেদনপত্র www.directorculture.assam.gov.in এবং www.silpisammanassam.com এ আগামীকাল থেকে পাওয়া যাবে । আবেদনপত্র সমূহ আগামী ১৫ই অক্টোবরের মধ্যে দাখিল করতে বলা হয়েছে । নির্দিষ্ট তারিখের পর অথবা অফলাইনে দাখিল করা আবেদন গ্রহণযোগ্য হবেনা । রাজ্যের সাংস্কৃতিক সঞ্চালকালয়ের আওতাধীন সাংস্কৃতিক কেন্দ্রসমূহের দায়িত্বে থাকা সাংস্কৃতিক উন্নয়ন আধিকারিক অথবা এর নীচের পদের সহায়করা সংশ্লিষ্ট জেলার আবেদনকারী দিব্যাঙ্গ শিল্পীদের ঘরে গিয়ে অনলাইনে তাদের আবেদন জমা দিতে সহায়তা করবেন । সংশ্লিষ্ট সাংস্কৃতিক উন্নয়ন আধিকারিক অথবা এই বিভাগের নীচু পদের কর্মী-সহায়কদের নাম ও যোগাযোগের নম্বর ওয়েবসাইটে পাওয়া যাবে ।

--------------------------------------------------------------------------------

সাইবার অপরাধের সঙ্গে জড়িত থাকার অভিযোগে আজ গুয়াহাটি মহানগর পুলিশ চারজন যুবককে গ্রেপ্তার করেছে । পুলিশ অভিযুক্তদের হাতিগাওয়ের একটি ফ্ল্যাটে অভিযান চালিয়ে ৪৪টি চেকবুক, ১২টি পাসবুক, ৪৯টি ডেবিট কার্ড, সংযুক্ত আরব গণরাজ্য ও থাইল্যান্ডের বিদেশী মুদ্রা, ১৭টি সিম কার্ড সহ বহু সামগ্রী বাজেয়াপ্ত করেছে । এই বিষয়ে আজ আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে গুয়াহাটি মহানগরের পুলিশ কমিশনার দিগন্ত বরা বলেন যে- সাইবার অপরাধে জড়িত সন্দেহে অভিযুক্তগণ

বিভিন্ন লোকের নামে কৌশলে ব্যাংক অ্যাকাউন্ট খুলেছিল । পরবর্তী পর্যায়ে সাইবার অপরাধী চক্রটি অর্থ সরবরাহের জন্য এই ব্যাংক অ্যাকাউন্ট সমূহ ব্যবহার করে বলে জানিয়ে পুলিশ কমিশনার বলেন যে- চক্রটি অশিক্ষিত এবং নিম্ন আয়ের লোকেদের লক্ষ্য হিসেবে নেয় । ব্যাংক অ্যাকাউন্ট খোলার পর পাসবুক, এটিএম কার্ড, চেকবুক সহ সব নথিপত্র দুবাই সহ অন্যান্য রাজ্যে থাকা অপরাধী চক্রের কাছে পাঠিয়ে দেয় বলে তিনি প্রকাশ করেন । সাইবার অপরাধের বিরুদ্ধে সবাইকে সচেতন-সজাগ হবার জন্য শ্রী বরা আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

আর্থিক অনিয়মের অভিযোগে জড়িত সন্দেহে গ্রেপ্তার সিংহানিয়া ফিলটেক এগ্রি বিজনেস কোনসোর্টিয়াম লিমিটেড নামের কোম্পানীর কর্মচারীদের কাছ থেকে নিজেদের জমা করা অর্থ ফিরিয়ে দেবার দাবীতে আজ বেশকয়েকজন মহিলা হাইলাকান্দি থানায় ঘেরাও কার্যসূচী পালন করে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন । এই মহিলারা কোম্পানীটিতে ঋণের জন্য আবেদন করেছিলেন এবং কোম্পানীটি প্রত্যেক গ্রাহকের কাছ থেকে ঋণের প্রোসেসিং চার্জ বাবদ দু হাজার টাকা করে গ্রহণ করে কিন্তু ছমাস পরও ঋন প্রদান করা হয়নি বলে তারা অভিযোগ করেন । কোম্পানীটির হাইলাকান্দি শাখা কার্যালয়টি গতকাল পুলিশ সিল করে দেয় এবং ১২ জন কর্মচারীকে গ্রেপ্তার করে ।কোম্পানীর প্রধান আমজাদুর হুসেন মজুমদারকে গতকাল পুলিশ শিলচর থেকে গ্রেপ্তার করে । উল্লেখ্য হাইলাকান্দিতে প্রায় ৫ হাজার গ্রাহক থেকে ঋন প্রদানের নামে কোম্পানীটি ১০ কোটি টাকা সংগ্রহ করেছিলো বলে আন্দোলনকারী মহিলারা অভিযোগ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের সড়ক শাখার কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর-ফুলেরতল সড়কের বাখরশা মুকাম পয়েন্ট জৈন উদ্যোগ পর্য্যন্ত সড়ক , মূখ্যমন্ত্রীর পাকা পথ নির্মান প্রকল্পে সড়ক নির্মানের জন্য গতকাল থেকে এই সড়ক দিয়ে সব ধরনের ভারী যানচলাচল বন্ধ থাকবে । পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত এই সড়ক বন্ধ থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা উন্নয়ন কমিটির সেপ্টেম্বর মাসের বৈঠক আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় হাইলাকান্দি শহরে চলাচলকারী ই-রিক্সাগুলিকে একটি নিয়ম শৃংখলার গন্ডীতে বেঁধে দিতে জেলা পরিবহন আধিকারীককে নির্দেশ দেওয়া

হয়েছে । সভায় পূর্ত বিভাগকে প্রধানমন্ত্রী সূর্যঘর যোজনায় জেলার সব সরকারী ভবনগুলিতে সৌর বিদ্যুৎ সংযোগ দেবার নির্দেশ দেওয়া হয়েছে । সভায় জেলা শিল্প ও বানিজ্য বিভাগ থেকে জানানো হয় যে প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনায় জেলায় প্রথম পর্য্যায়ে তিন হাজার ৬শ ৬৩ , দ্বিতীয় পর্য্যায়ে এক হাজার দুশ ৪১ এবং তৃতীয় পর্য্যায়ে ৩১০টি দরখাস্তে অনুমোদন জানানো হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিন সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা সভায় উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলার হৃৎপিন্ডে বিসংগতি সংক্রান্ত এবং রক্তে গুরুতর অসুখ সংক্রান্ত এক স্ক্রিনিং শিবির আগামী ৯ই সেপ্টেম্বর শিলচর মেডিকেল কলেজে অনুষ্ঠিত হবে । হৃদপিন্ডে বিসঙ্গতি সংক্রান্ত ১৮ বছর বয়স পর্য্যন্ত রোগী এবং রক্তে গুরুতর অসুখ সংক্রান্ত ১৪ বছর পর্য্যন্ত রোগীরা এই শিবিরে অংশগ্রহণ করতে  পারবেন । জেলার স্বাস্থ্য বিভাগ থেকে রোগীদের এই সুযোগ নিতে জাতীয় স্বাস্থ্য মিশন শাখায় যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------